



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ৭১/২১

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
০৩ জুন ২০২১ খ্রিস্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) কর্তৃক “আনসারুল্লাহ বাংলা টিম” (এবিটি) এর সক্রিয় সদস্য
শ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি দল ০২ জুন ২০২১ ইং তারিখ রাত ১০:৪৫ ঘটিকায় ঢাকা জেলার আশুলিয়া থানাধীন জামগড়া শিমুলতলা বাজার এলাকায় অভিযান চালিয়ে নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন “আনসারুল্লাহ বাংলা টিম” এর এক সক্রিয় সদস্যকে শ্রেফতার করেছে। শ্রেফতারকৃত আসামীর নাম মোঃ আব্দুল্লাহ (১৭), পিতা- মোঃ কামাল হোসেন, মাতা- লাইলী আক্তার, সাং- চরকাটারী, ডাকঘর- চরকাটারী, থানা- দৌলতপুর, জেলা- মানিকগঞ্জ।

শ্রেফতারকৃত আসামী গত ছয় মাসের অধিককাল যাবত নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন “আনসারুল্লাহ বাংলা টিম” এর সমর্থক এবং সক্রিয় সদস্য হিসেবে সামাজিক যোগাযোগ মাধ্যম ও অনলাইন মিডিয়ায় “আনসারুল্লাহ বাংলা টিম” এর মতাদর্শ প্রচার এবং দেশ হইতে ইসলাম বিরোধী কাজ দূর করে যে কোন মূল্যে কথিত ইসলামী খেলাফত প্রতিষ্ঠা করার লক্ষ্যে কাজ করে আসছিল। সে তার ফেইসবুক আইডি ও এনক্রিপ্টেড গ্রুপে নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন “আনসারুল্লাহ বাংলা টিম” এর প্রধান শাইখ মুফতি জসীম উদ্দিন রহমানীর জিহাদ বিষয়ক লেকচারের ভিডিও পোস্ট করতো। তার বাড়ীতে থাকা বিভিন্ন জিহাদী বই পুস্তক পড়ে ও সাইবার স্পেস ব্যবহার করে সে আনসারুল্লাহ বাংলা টিমে যোগদান করতে উদ্বুদ্ধ হয়েছে বলে জানা যায়। আসামীর বাড়ীতে তল্লাশি চালিয়ে উগ্রবাদী মতাদর্শের বেশ কিছু বই ও পুস্তিকা জব্দ করা হয়েছে। এছাড়া উগ্রবাদী প্রচারণায় ব্যবহৃত আসামীর ব্যক্তিগত মোবাইল ফোন জব্দ করেছে এন্টি টেররিজম ইউনিট।

ধৃত আসামী নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠনের সদস্য পদ গ্রহণ, সমর্থন, অপরাধ সংগঠনের ষড়যন্ত্র এবং সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করে সন্ত্রাস বিরোধী আইন ২০০৯(সংশোধনী/২০১৩) এর ৮/৯/১০/১৩ ধারা মোতাবেক অপরাধ করেছে। আসামীর বিরুদ্ধে আশুলিয়া থানায় মামলা দায়ের প্রক্রিয়া চলমান।


০৩/০৬/২০২১

(ওয়াহিদা পারভীন)
সহকারী পুলিশ সুপার
(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)
এন্টি টেররিজম ইউনিট,
বাংলাদেশ পুলিশ, ঢাকা।
E-mail: atu.spma@police.gov.bd